# মোংলা বন্দর কর্তৃপক্ষ

## ১. ভূমিকা

১৯৫০ সালের ১ ডিসেম্বর চালনা বন্দর কর্তৃপক্ষ প্রতিষ্ঠা লাভ করে। ১১ ডিসেম্বর ১৯৫০ এ জয়মনিরগোলে 'দি সিটি অব লিয়নস' বৃটিশ বাণিজ্যিক জাহাজ নোঙ্গারের মাধ্যমে এ্যাংকোরেজ পোর্ট হিসেবে সরকারি অধিদপ্তর রূপে কার্যক্রম শুরু করে। ১৯৭৬ সালের একটি Ordinance এর আওতায় ১৯৭৭ সালে চালনা বন্দর কর্তৃপক্ষ নামে একটি স্বশাসিত সংস্থা হিসেবে রূপ পায়। ১৯৮৭ সালে অধ্যাদেশটি সংশোধন করে Mongla Port Authority Ordinance, ১৯৭৬ করা হয় এবং এর অধীন মোংলা বন্দর কর্তৃপক্ষ (মবক) নামে বর্তমানে কার্যক্রম চলছে। একজন চেয়ারম্যান ও তিনজন সদস্য সমন্বয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষের বোর্ড গঠিত। মোংলা বন্দর পরিবেশবান্ধব ও দেশের দ্বিতীয় বৃহত্তম সমুদ্র বন্দর।

## ২. রূপকল্প (Vision)

দক্ষ, নিরাপদ ও পরিবেশবান্ধব আধুনিক বন্দর বিনির্মাণ।

## ৩. অভিলক্ষ্য (Mission)

- বন্দরের অবকাঠামো সম্প্রসারণ ও আধুনিকায়ন;
- সুদীর্ঘ ১৪৫ কি.মি চ্যানেলের নাব্যতা সংরক্ষণ;
- দক্ষতার সাথে কার্গো ও কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রম পরিচালনা;
- জাহাজের গড় অবস্থানকাল হ্রাস;
- কার্গো ও কন্টেইনার সংরক্ষনের সুবিধাদি সম্প্রসারণ;
- আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা প্রবর্তন এবং
- নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ।

## ৪. প্রধান কার্যাবলী

- বন্দর ব্যবস্থাপনা, পরিচালন, সংরক্ষণ ও উন্নয়ন।
- বন্দর ব্যবহারকারীদের দক্ষ সেবা ও অবকাঠামোগত সুবিধা প্রদান।
- বন্দর অধিক্ষেত্রে জাহাজ বার্দিং ও চলাচল নিয়ন্ত্রণ এবং চ্যনেলের নাব্যতা সংরক্ষণ।
- বন্দর অভ্যন্তরে মুরিং, পিয়ার্স, ব্রিজ পরিচালন ও সংরক্ষণ এবং স্ট্যাক ইয়ার্ড নির্মাণ এবং বন্দরে মালামাল খালাস, বোঝাই ও গুদামজাত কার্য সম্পাদন।
- মালামাল গ্রহণ, হ্যান্ডলিং, শিপমেন্ট, সরবরাহ ও বিতরণ কার্যে যন্ত্রপাতির সুষ্ঠু ব্যবহার, সংরক্ষণ ও পরিচালন ব্যবস্থাপনা।
- জাহাজ বাদিং, লোডিং ও ডিসচার্জ সহায়ক যন্ত্রপাতি সংগ্রহ, সংরক্ষণ ও পরিচালন এবং বন্দর অধ্যাদেশ প্রতিপালনের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল কার্যাদি সম্পাদন।

## ৫. কৌশলগত উদ্দেশ্য সমূহ

- মোংলা বন্দরের অবকাঠামো সম্প্রসারণ ও আধুনিকায়ন।
- মোংলা বন্দরের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি।

## ৬. বিগত তিন বছরের অর্জন সমূহ

- ২০১৬-১৭ অর্থবছরে ৬২৩টি জাহাজ, ৭৫.১১ লক্ষ মে.টন কার্গো, ১৫,৯০৭ টি গাড়ি হ্যান্ডলিং এবং ২৩০ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে। গত বছরের তুলনায় জাহাজ, কার্গো এবং রাজস্ব আয়ের প্রবৃদ্ধি যথাক্রমে ২৯.২৫%, ২৯.৫৮% এবং ১৭% । এ অর্থবছরে বিভিন্ন ধরনের ২০টি কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং যন্ত্রপাতি, ১টি উচ্চ গতি সম্পন্ন স্পীড বোট, ৪টি জলযান মেরামত, ২টি হাইমাস্ট ক্লাস্টার লাইট স্থাপন, বন্দরের বিভিন্ন সুবিধার অটোমেশন কাজ, ১টি কন্টেইনার ইয়ার্ড, মবক এর বিদ্যুৎ উপকেন্দ্রগুলোর রিনোভেশন কাজ সম্পন্ন করা হয়েছে।

- ২০১৭-১৮ অর্থবছরে ৭৮৪টি জাহাজ, ৯৭.১৬ লক্ষ মে.টন কার্গো, ৪২৯৮৯ টিইইউজ কন্টেইনার, ১৭,২৯৫ টি গাড়ি হ্যাডলিং এবং ২৭৬ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে। গত বছরের তুলনায় জাহাজ, কার্গো এবং রাজস্ব আয়ের প্রবৃদ্ধি যথাক্রমে ২৫.৮৪%, ২৯.৩৫% এবং ২০% । উল্লিখিত অর্থবছরে বিভিন্ন প্রকল্পের অধীন ৬.৬০ লক্ষ ঘনমিটার ড্রেজিং, বিভিন্ন ধরনের ৮টি কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইকুইপমেন্ট সংগ্রহ, ১টি কার ইয়ার্ড, ২টি জলযান, ২০০০ কেভিএ ক্ষমতা সম্পন্ন ইনডোর ট্রান্সফরমার, ৫০০ কেভিএ ক্ষমতা সম্পন্ন জেনারেটর, ২টি কার লিফটার সংগ্রহ ও ৪টি জলযানের ডকিং ও মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে।

- ২০১৮-১৯ অর্থবছরে ৯১২টি জাহাজ, ১১৩.১৫ লক্ষ মে.টন কার্গো, ৫৭৭৩২ টিইইউজ কন্টেইনার, ১৩,১৭০ টি গাড়ি হ্যাডলিং এবং ৩২৯ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে। গত বছরের তুলনায় জাহাজ, কার্গো, টিইইউজ কন্টেইনার এবং রাজস্ব আয়ের প্রবৃদ্ধি যথাক্রমে ১৬.৩৩%, ১৬.৪৬%, ৩৪.২৯% এবং ১৯% । উল্লিখিত অর্থবছরে বিভিন্ন প্রকল্পের অধীন ৪০ লক্ষ ঘনমিটার ড্রেজিং, বিভিন্ন ধরনের ১২টি কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইকুইপমেন্ট সংগ্রহ, ২০০০ কেভিএ ক্ষমতা সম্পন্ন ইনডোর ট্রান্সফরমার, জেটি অভ্যন্তরে ১০০০ কেভিএ ও ১১/০.৪১৫ কেভিএ ২ নং বিদ্যুৎ উপকেন্দ্র পুনর্বাসন এবং স্থায়ী বন্দর এলাকায় ৬৫০ কেভিএ ক্ষমতা সম্পন্ন জেনারেটর স্থাপন, লাইফ সেভিং ইকুইপমেন্ট সংগ্রহ, ৩টি জলযানের ডকিং ও মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে।

## ৭. সংস্থার Key Performance Indicators (KPI)

- মোংলা বন্দর চ্যানেলে ক্যাপিটাল ও সংরক্ষণ ড্রেজিং/পলি অপসারণ;
- কন্টেইনার এবং কার্গো হ্যান্ডলিং এর পরিমান;
- জাহাজ হ্যান্ডলিং;
- কন্টেইনার জাহাজের গড় অবস্থান;
- কন্টেইনারের উৎপাদনশীলতা;
- মোংলা বন্দরের সম্প্রসারণ ও আধুনিকায়ন;
- মোংলা বন্দরের জন্য সুপেয় পানি সরবরাহ;
- আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা এবং
- মোংলা বন্দর কর্তৃপক্ষের রুজভেল্ট জেটির বিদ্যমান অবকাঠামোর উন্নয়ন।

**৮. সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ**

- জলযানের স্বল্পতা।
- কন্টেইনার ইয়ার্ড সুবিধার স্বল্পতা।
- চ্যানেলের নাব্যতা বৃদ্ধি ও সংরক্ষণ।
- মোংলা বন্দরের ব্যবহার বৃদ্ধির সাথে সমন্বয় রেখে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ।

**৯. ভবিষ্যৎ পরিকল্পনা**

- চ্যানেলের বিভিন্ন স্থানে ড্রেজিং পরিচালনা, পর্যাপ্ত সংখ্যক চ্যানেল বয়া সংগ্রহ, ভেসেল ট্রাফিক ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ভিটিএমআইএস) স্থাপন, খুলনাস্থ জেটির অবকাঠামোর উন্নয়ন, টাগবোট সংগ্রহ, স্ট্রাটেজিক মাস্টার প্লান প্রণয়ন, পিপিপি'র আওতায় ২টি জেটি নির্মাণ, জিটুজি ভিত্তিতে চায়না অর্থায়নে আধুনিক যন্ত্রপাতি, কন্টেইনার ইয়ার্ড, কন্টেইনার ডেলিভারি ইয়ার্ড, বহুতল কার ইয়ার্ড, ডুবন্ত রেক অপসারণ, অটো ফায়ার এক্সটিংগুইসার অ্যান্ড অটো স্মোক অ্যালার্ম, জেটির পাইলসমূহের ক্ষয় রোধকরণ এবং ফেন্ডার প্রতিস্থাপন ইত্যাদি।
- ভারতীয় এলওসি-৩ এর অধীনে আনুষঙ্গিক সুবিধাদিসহ আরও ২টি কন্টেইনার টার্মিনাল, এমপিএ টাওয়ারসহ অন্যান্য সুউচ্চ আবাসিক ভবন মেরামত সুবিধাদি বৃদ্ধিকরণ, জলযান সংগ্রহ, রেল ক্রসিং ওভারপাস নির্মাণ, হারবার চ্যানেলের ফুড সাইলো এলাকায় ড্রেজিং, চায়নিজ অনুদানে ১টি ট্রেলিং সাকশান হপার ড্রেজার সংগ্রহ, সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন, আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা এবং অত্যবশকীয় সরঞ্জামসহ বন্দরের অবকাঠামো সম্প্রসারণ ও আধুনিকায়ন ।

**১০. সংস্থার ২০২০-২১ অর্থ বছরের প্রাক্কলিত ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত ও অনুমোদিত এবং ২০১৮-১৯ অর্থ বছরের মোট আয়, মোট ব্যয়, নীট মুনাফা/(লোকসান) নিম্নরূপ:**

( লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | মোট আয় | ৩৩৯৫০.০০ | ৩৩৬৩০.০০ | ২৯৩১৭.০০ | ৩২৯১২.১৩ |
| ২. | মোট ব্যয় | ২৭১৯৩.২৯ | ২৬৬৯৩.৬৯ | ২৩৫০৯.২০ | ২২৯০৬.৬৭ |
| ৩. | নীট মুনাফা/(লোকসান) | ৬৭৫৬.৭১ | ৬৯৩৬.৩১ | ৫৮০৭.৮০ | ১০০০৫.৪৬ |

## ১১. বাজেট পর্যালোচনা

**ক. পরিচালন বৃত্তান্ত**

মোংলা বন্দরে মালবাহী জাহাজের আগমন ও বহির্গমন সংখ্যা ২০১৮-১৯ অর্থবছরের প্রকৃত হিসাব অনুযায়ী যথাক্রমে ৯১২ টি ও ৯১৫ টি। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এই সংখ্যা হ্রাস পেয়ে যথাক্রমে ৮৭০ ও ৮৮০ টিতে দাঁড়াবে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে আমদানিকৃত ও রপ্তানিকৃত পণ্যসহ মোট মালামাল উঠানামার পরিমাণ ৮০.০০ লাখ মে. টন হবে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের হিসাব অনুযায়ী মোট মালামাল উঠানামার পরিমাণ ছিল ১১৩.১৫ লাখ মে.টন। মোট পরিচালন রাজস্বের পরিমাণ ২০১৮-১৯ অর্থবছরে ছিল ২৬৯.০৫ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে রাজস্ব আয়ের পরিমাণ কিছুটা বৃদ্ধি পেয়ে যথাক্রমে ২৮২.৩০ কোটি ও ২৮৯.৯০ কোটি টাকা হবে।

অত্র বন্দরে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট পরিচালন ব্যয়ের পরিমাণ যথাক্রমে ২৪৪.৪৪ কোটি ও ২৪৯.৯৩ কোটি টাকায় দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে মোট পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ১৯৬.১২ কোটি টাকা। বিভিন্ন খাতে ব্যয় বৃদ্ধি পাওয়া সত্ত্বেও রাজস্ব আয় বৃদ্ধির কারণে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে অত্র বন্দরে পরিচালন মুনাফার পরিমাণ যথাক্রমে ৩৭.৮৬ কোটি ও ৩৯.৯৭ কোটি টাকা হবে বলে আশা করা যাচ্ছে। ২০১৮-১৯ অর্থবছরে পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৭২.৯৩ কোটি টাকা।

## খ. মুনাফা ও তহবিল প্রবাহ

পরিচালন মুনাফার সাথে অন্যান্য অ-পরিচালন আয়-ব্যয় সমন্বয় ও আয়কর পরিশোধের পর ২০১৮-১৯ অর্থবছরে কর্তৃপক্ষের নীট মুনাফার পরিমাণ ছিল ১০০.০৫ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে নীট মুনাফার পরিমাণ যথাক্রমে ৬৯.৩৬ কোটি ও ৬৭.৫৭ কোটি টাকায় দাঁড়াবে বলে আশা করা যাচ্ছে। নীট মুনাফা, অবচয় ও অন্যান্য তহবিলসহ ২০১৮-১৯ অর্থবছরে কর্তৃপক্ষের মোট তহবিল সংগ্রহের পরিমাণ ছিল ৩০৮.১৯ কোটি টাকা। এর বিপরীতে আয়কর, সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ পরিশোধ, পরিচালনার স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ ও অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পত্তিতে বিনিয়োগের পর উক্ত অর্থবছরে ঘাটতি তহবিলের পরিমাণ দাঁড়ায় ২৮০.৬২ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের বাজেটে ঘাটতি তহবিলের পরিমাণ দাড়াবে যথাক্রমে ১০০.৯৯ কোটি ও ৬৭.৬৮ কোটি টাকা।

## গ. মূল্যসংযোগ ও উৎপাদনশীলতা

| ক্রমিক নম্বর | বিবরণ | একক | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|
| ১. | পরিচালন মুনাফা/(লোকসান) | লক্ষ টাকা | ৩৯৯৬.৭১ | ৩৭৮৬.৩১ | ৭২৯৩.২১ |
| ২. | অবচয় | ” | ৩৩০০.০০ | ৩২০০.০০ | ৩২১৭.৪০ |
| ৩. | বেতন, মজুরি ও ভাতাদি | ” | ১৪৫২৩.৭৫ | ১৩৪৩২.৮০ | ১০৬৩৪.৩২ |
| **৪.** | **মোট মূল্যসংযোগ (১+২+৩)** | **লক্ষ টাকা** | **২১৮২০.৪৬** | **২০৪১৯.১১** | **২১১৪৪.৯৩** |
| ৫. | কর্মচারী সংখ্যা | জন | ১৬১৫ | ১১৫০ | ১০৫৯ |
| **৬.** | **কর্মী প্রতি মূল্যসংযোগ** | **টাকা** | **১৩৫১১১২.০৭** | **১৭৭৫৫৭৪.৭৮** | **১৯৯৬৬৮৮.৩৯** |

সংস্থার ২০১৮-১৯ অর্থবছরে মোট মূল্যসংযোগের পরিমাণ ছিল ২১১.৪৫ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মূল্যসংযোগের পরিমাণ যথাক্রমে ২০৪.১৯ কোটি ও ২১৮.২০ কোটি টাকায় দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্মী প্রতি মূল্যসংযোগের পরিমাণ যথাক্রমে ১৭৭৫৫৭৪.৭৮টাকা ও ১৩৫১১১২.০৭ টাকায় দাঁড়াবে বলে অনুমান করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে কর্মী প্রতি মূল্যসংযোগের পরিমাণ ছিল ১৯৯৬৬৮৮.৩৯ টাকা।

## ঘ. বিনিয়োগ ও সঞ্চয়

| ক্রমিক নম্বর | বিবরণ | একক | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|
| ১. | বিনিয়োগ | লক্ষ টাকা | ৬৯৯৪৩.২০ | ৬৬৫১৫.৮০ | ৩০২৮৪.৭১ |
| ২. | রক্ষিত আয় | ” | ৬৬২৬.৭১ | ৬৮০৬.৩১ | ৯৮৮৫.৪৬ |
| ৩. | অবচয় | ” | ৩৩০০.০০ | ৩২০০.০০ | ৩২১৭.৪০ |
| **৪.** | **মোট সঞ্চয় (২+৩)** | **লক্ষ টাকা** | **৯৯২৬.৭১** | **১০০০৬.৩১** | **১৩১০২.৮৬** |

মোংলা বন্দর কর্তৃপক্ষের বিনিয়োগ ব্যয় ২০১৮-১৯ অর্থবছরে ছিল ৩০২.৮৫ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে এই ব্যয় বৃদ্ধি পেয়ে ৬৬৫.১৬ কোটি টাকায় দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংশোধিত বাজেটে অপেক্ষা বিনিয়োগ ব্যয় কিছুটা বৃদ্ধি পেয়ে ৬৯৯.৪৩ কোটি টাকায় দাঁড়াবে বলে প্রাক্কলন করা যাচ্ছে। ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংরক্ষিত আয় হ্রাস পাওয়ায় মোট সঞ্চয়ও হ্রাস পাবে। ২০১৮-১৯ অর্থবছরে মোট সঞ্চয়ের পরিমাণ ছিল ১৩১.০৩ কোটি টাকা।

## ঙ. মুলধন কাঠামো

২০১৯ সালের ৩০ শে জুন, কর্তৃপক্ষের মোট সম্পদের পরিমাণ ছিল ১৭১৬.০৯ কোটি টাকা যার ১২% ঋণ ও ৮৮% মূলধণ দ্বারা যোগান দেওয়া হয়েছে। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধির ফলে মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে ২৪৯২.৬৯ কোটি টাকায় উন্নীত হবে এবং ঋণ-মুলধনের অনুপাত দাঁড়াবে ১৫:৮৫। ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সম্পদের পরিমাণ আরো বৃদ্ধি পেয়ে ৩৩০৩.২৭ কোটি টাকায় উন্নীত এবং ঋণ-মূলধণের অনুপাত ১৭:৮৩ হবে বলে হিসাব করা হয়েছে।

## চ. সরকারি কোষাগারে দেয়

মোংলা বন্দর কর্তৃপক্ষ ২০১৮-১৯ অর্থবছরে আমদানি শুল্ক, বিক্রয়ের উপর আবগারি শুল্ক/ভ্যাট, আয়কর ও সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ বাবদ মোট ৩৪.১৫ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। যার মধ্যে সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশের পরিমাণ ছিল ১.২০ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা নীট লাভের প্রত্যাশা করায় সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ বাবদ ১.৩০ কোটি টাকা জমা প্রদান করবে বলে আশা করা যাচ্ছে। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে আমদানি শুল্ক, বিক্রয়ের উপর আবগারী শুল্ক/ভ্যাট, আয়কর ও সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ বাবদ সরকারি কোষাগারে সংস্থার সর্বমোট অবদানের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২৪.৮০ কোটি ও ২৪.৩০ কোটি টাকা।

## ছ. জনবল

২০১৮-১৯ অর্থবছরে মোংলা বন্দরে ২৭৯৭ টি মঞ্জুরিকৃত পদের বিপরীতে প্রকৃত জনবল ছিল ১০৫৯ জন। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এই সংখ্যা যথাক্রমে ১১৫০ জন ও ১৬১৫ জনে দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে কর্মী প্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ১০০৪১৮৫.০০ টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্মী প্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ কিছুটা বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১১৬৮০৭০.০০ ও ৮৯৯৩০৩.০০ টাকায় দাঁড়াবে বলে অনুমান করা যাচ্ছে।

প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

<MPA Write-up-Jm>

## মোংলা বন্দর কর্তৃপক্ষ

## প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২০-২১

| বিবরণ | একক | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|
| **ক্ষমতা** | | | | | |
| ১. জেটির সংখ্যা | নং | ৬ | ৬ | ৬ | ৬ |
| ২. মুরিংএর সংখ্যা | নং | ২৯ | ২৯ | ২৯ | ২৯ |
| ৩. শেড | বর্গমিটার | ২২৪০০.০০ | ২২৪০০.০০ | ২২৪০০.০০ | ২২৪০০.০০ |
| ৪. জেটির দৈর্ঘ্য | মিটার | ৯১৫.০০ | ৯১৫.০০ | ৯১৫.০০ | ৯১৫.০০ |
| ৫. উন্মুক্ত অঙ্গান | বর্গ মিটার | ৩০৫৫৩০.০০ | ৩০৫৫৩০.০০ | ৩৯১৩৯৬.০০ | ৪৩৬৯২৬.০০ |
| **পরিচালনা** | | | | | |
| ৬. জাহাজের আগমন | নং | ৮৮০ | ৮৭০ | ৭৮০ | ৯১২ |
| ৭. জাহাজের বর্হিগমন | নং | ৮৮০ | ৮৭০ | ৭৮০ | ৯১৫ |
| ৮. আমদানিকৃত মালামাল | লাখ মে. টন | ৭৮.৫০ | ৭৮.৫০ | ৭২.০০ | ১১১.৮০ |
| ৯. রপ্তানিকৃত মালামাল | লাখ মে. টন | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | ১.৩৫ |
| ১০. - গড় উঠানামার সময় | দিন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. মোট মালামাল উঠানামা (৮+৯) | লাখ মেঃ | ৮০.০০ | ৮০.০০ | ৭৩.৫০ | ১১৩.১৫ |
| ১২. কন্টেইনার হ্যান্ডলিং | টি.ইউ.ই | ৬০০০০.০০ | ৫৬০০০.০০ | ৪৫০০০.০০ | ৫৭৭৩২.০০ |
| **রাজস্ব** | | | | | |
| ১৩. জাহাজ থেকে রাজস্ব (তফসিল-ক) | লাখ টাকা | ৭৮০০.০০ | ৭৬০০.০০ | ৭১৫০.০০ | ৭৭২৪.৫৩ |
| ১৪. - প্রতি জাহাজের রাজস্ব | লাখ টাকা | ৮.৮৬ | ৮.৭৪ | ৯.১৭ | ৮.৪৭ |
| ১৫. মালামাল উঠানামার রাজস্ব (তফসিল-খ) | লাখ টাকা | ২০৭১০.০০ | ২০২০০.০০ | ১৭০৬২.০০ | ১৮৮৪৮.৭৯ |
| ১৬. -টন প্রতি রাজস্ব | টাকা | ২৫৮.৮৮ | ২৫২.৫০ | ২৩২.১৪ | ১৬৬.৫৮ |
| ১৭. অন্যান্য পরিচালন রাজস্ব (তফসিল-গ) | লাখ টাকা | ৪৮০.০০ | ৪৩০.০০ | ২৪৫.০০ | ৩৩১.৪১ |
| ১৮. মোট পরিচালন রাজস্ব (১৩+১৫+১৭) | লাখ টাকা | ২৮৯৯০.০০ | ২৮২৩০.০০ | ২৪৪৫৭.০০ | ২৬৯০৪.৭৩ |
| **ব্যয়** | | | | | |
| ১৯. স্থায়ী পরিচালন ব্যয় (তফসিল-ঘ) | লাখ টাকা | ১১৮১১.৬২ | ১১৩৪৬.১০ | ১০৩৯৭.৮০ | ৮৪৬৩.৭৮ |
| ২০. - মোট পরিচালন ব্যয়ের হার | % | ৪৭.২৬ | ৪৬.৪২ | ৪৭.৫৭ | ৪৩.১৬ |
| ২১. জবালানি ব্যয় (তফসিল-ঙ) | লাখ টাকা | ১৮৯২.৫০ | ১৭৯২.৫০ | ১৬০০.০০ | ১৬৩৫.১৮ |
| ২২. অবচয় (তফসিল-চ) | লাখ টাকা | ৪০২০.০০ | ৩৯২০.০০ | ৩৮২০.০০ | ৩৯৩৩.৮৫ |
| ২৩. মেরামত ও রক্ষণাবেক্ষণ (তফসিল-ছ) | লাখ টাকা | ২২৭১.৭৫ | ২৪৩৬.৭৫ | ১৬৫০.০০ | ১৪৯৮.৮২ |
| ২৪. পরিবর্তনশীল ব্যয় (তফসিল-জ) | লাখ টাকা | ১০৫৪.৪৭ | ১০৬৭.৩০ | ৮৩১.৯৫ | ৮৪০.৯০ |
| ২৫. - মোট পরিচালন ব্যয়ের হার | % | ৪.২২ | ৪.৩৭ | ৩.৮১ | ৪.২৯ |
| ২৬. প্রশাসনিক ব্যয় (তফসিল-ঝ) | লাখ টাকা | ৩৯৪২.৯৫ | ৩৮৮১.০৪ | ৩৫৫৯.৪৫ | ৩২৩৮.৯৯ |
| ২৭. মোট পরিচালন ব্যয় (১৯+২১+২২+২৩+২৪+২৬) | লাখ টাকা | ২৪৯৯৩.২৯ | ২৪৪৪৩.৬৯ | ২১৮৫৯.২০ | ১৯৬১১.৫২ |
| ২৮. - মোট পরিচালন রাজস্বের হার | % | ৮৬.২১ | ৮৬.৫৯ | ৮৯.৩৮ | ৭২.৮৯ |
| ২৯. পরিচালন উদ্বৃত্ত/(ঘাটতি) (১৮-২৭) | লাখ টাকা | ৩৯৯৬.৭১ | ৩৭৮৬.৩১ | ২৫৯৭.৮০ | ৭২৯৩.২১ |
| ৩০. - মোট পরিচালন রাজস্বের হার | % | ১৩.৭৯ | ১৩.৪১ | ১০.৬২ | ২৭.১১ |

মোংলা বন্দর কর্তৃপক্ষ

প্রতিষ্ঠানসমূহ

প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২০-২১ (লাখ টাকায়)

| বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|
| **আর্থিক মুনাফা** | | | | |
| ১ . পরিচালনালব্ধ মুনাফা | ৩,৯৯৬.৭১ | ৩,৭৮৬.৩১ | ২,৫৯৭.৮০ | ৭,২৯৩.২১ |
| ২ . অ-পরিচালন আয় (নীট) | ৪,৯৬০.০০ | ৫,৪০০.০০ | ৪,৮৬০.০০ | ৬,০০৭.৪০ |
| ৩ . শ্রমিক অংশীদারিত্ব তহবিলে দেয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . সুদ ও করপূর্ব মুনাফা | ৮,৯৫৬.৭১ | ৯,১৮৬.৩১ | ৭,৪৫৭.৮০ | ১৩,৩০০.৬১ |
| ৫ . মোট সম্পদের উপর মুনাফা % | ২.৭১ | ৩.৬৯ | ২.৭৫ | ৭.৭৫ |
| ৬ . সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . করপূর্ব মুনাফা/(লোকসান) | ৮,৯৫৬.৭১ | ৯,১৮৬.৩১ | ৭,৪৫৭.৮০ | ১৩,৩০০.৬১ |
| ৮ . কর | ২,২০০.০০ | ২,২৫০.০০ | ১,৬৫০.০০ | ৩,২৯৫.১৫ |
| ৯ . নীট মুনাফা/(লোকসান) | ৬,৭৫৬.৭১ | ৬,৯৩৬.৩১ | ৫,৮০৭.৮০ | ১০,০০৫.৪৬ |
| ১০ . সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ১৩০.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ১২০.০০ |
| ১১ . সম-মূলধনের উপর লভ্যাংশ হার % | ০.০৫ | ০.০৬ | ০.০৬ | ০.০৮ |
| ১২ . নিজস^ অর্থ যোগান অনুপাত | ০.১৭ | ০.১৮ | ০.২২ | -২.২৪ |
| **তহবিলের উৎস** | | | | |
| ১৩ . করপূর্ব মুনাফা/(লোকসান) | ৮,৯৫৬.৭১ | ৯,১৮৬.৩১ | ৭,৪৫৭.৮০ | ১৩,৩০০.৬১ |
| ১৪ . অবচয় ও অন্যান্য | ৩,৩০০.০০ | ৩,২০০.০০ | ৩,১০০.০০ | ৩,২১৭.৪০ |
| ১৫ . সরাসরি পরিচালন হইতে নগদ প্রাহ | ১২,২৫৬.৭১ | ১২,৩৮৬.৩১ | ১০,৫৫৭.৮০ | ১৬,৫১৮.০১ |
| ১৬ . মূলধন প্রাপ্তি | ৫৫,৫২২.৫০ | ৫২,৮৫৫.০০ | ৩৭,০০০.০০ | ১৪,২৭২.৭৩ |
| ১৭ . দীর্ঘমেয়াদি ঋণ প্রাপ্তি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৮ . পরিচালনার স্থাবর সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯ . অন্যান্য স্থাবর সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০ . অন্যান্য | ৩,৪৫০.০০ | ০.০০ | ৫৩০.৫৩ | ২৭.৯৭ |
| ২১ . মোট তহবিল সংগ্রহ | ৭১,২২৯.২১ | ৬৫,২৪১.৩১ | ৪৮,০৮৮.৩৩ | ৩০,৮১৮.৭১ |
| **তহবিলের প্রয়োগ** | | | | |
| ২২ . আয়কর | ২,২০০.০০ | ২,২৫০.০০ | ১,৬৫০.০০ | ৩,২৯৫.১৫ |
| ২৩ . পূর্ববর্তী বৎসরের সমন্বয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ১৮,০১৬.১৮ |
| ২৪ . সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ১৩০.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ১২০.০০ |
| ২৫ . পরিচালনার স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৪,৪২০.৭০ | ১৩,৬৬০.৮০ | ১২,৬০০.০০ | ৬,৮৭৭.২১ |
| ২৬ . অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পত্তিতে বিনিয়োগ | ৫৫,৫২২.৫০ | ৫২,৮৫৫.০০ | ৩৭,০০০.০০ | ২৩,৪০৭.৫০ |
| ২৭ . দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৮ . অন্যান্য | ৫,৭২৪.৪৭ | ৬,৪৪৪.৪৭ | ৬,৪৪০.৯২ | ৭,১৬৪.৪৭ |
| ২৯ . মোট তহবিল প্রয়োগ | ৭৭,৯৯৭.৬৭ | ৭৫,৩৪০.২৭ | ৫৭,৮২০.৯২ | ৫৮,৮৮০.৫১ |
| ৩০ . নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি) | -৬,৭৬৮.৪৬ | -১০,০৯৮.৯৬ | -৯,৭৩২.৫৯ | -২৮,০৬১.৮০ |

**মোংলা বন্দর কর্তৃপক্ষ**

প্রতিষ্ঠানসমূহ

প্রাক্কলিত স্থিতিপত্র জুন **২০২১** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ৩০ জুন ২০২১ | সংশোধিত ৩০ জুন ২০২০ | প্রকৃত ৩০ জুন ২০১৯ |
|---|---|---|---|
| **মূলধন ও দায়** | | | |
| ১. মূলধন | ২০৪৭৯৬.০৯ | ১৪৯২৭৩.৫৯ | ৯৬৪১৮.৫৯ |
| ২. সংরক্ষিত তহবিল | ৬৮৩১১.০১ | ৬১৬৮৪.৩০ | ৫৪৮৭৭.৯৯ |
| ৩. ইক্যুইটি | ২৭৩১০৭.১০ | ২১০৯৫৭.৮৯ | ১৫১২৯৬.৫৮ |
| ৪. দীর্ঘমেয়াদি দায় | ৩৪৫০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. চলতি দায় | ৫৩৭৬৯.৯২ | ৩৮৩১১.৫২ | ২০৩১২.৬১ |
| ৬. মোট দায় | ৫৭২১৯.৯২ | ৩৮৩১১.৫২ | ২০৩১২.৬১ |
| ৭. মোট তহবিল | ৩৩০৩২৭.০২ | ২৪৯২৬৯.৪১ | ১৭১৬০৯.১৯ |
| **মূলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত** | | | |
| ৮. ঋণ মূলধন অনুপাত | ১৭ : ৮৩ | ১৫ : ৮৫ | ১২ : ৮৮ |
| ৯. চলতি অনুপাত | ১.৭৮ : ১ | ২.২৭ : ১ | ৩.৮৯ : ১ |
| ১০. তবরিত সম্পদ অনুপাত | ১.৭৪ : ১ | ২.২৩ : ১ | ৩.৮২ : ১ |
| **সম্পত্তিসমূহ** | | | |
| ১১. কার্য পরিচালনার স্থাবর সম্পত্তি | ১১৮৫১৮.৯৭ | ১০৪০৯৮.২৭ | ৯০৪৩৭.৪৭ |
| ১২. বাদ: পুঞ্জিত অবচয় | ৪৩৮৬১.২৪ | ৪০৫৬১.২৪ | ৩৭৩৬১.২৪ |
| ১৩. নীট পরিচালন স্থায়ী সম্পত্তি | ৭৪৬৫৭.৭৩ | ৬৩৫৩৭.০৩ | ৫৩০৭৬.২৩ |
| ১৪. অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পত্তি | ১৬০০৭৯.৯৩ | ৯৮৮৩২.৯৬ | ৩৯৫৩৩.৪৯ |
| ১৫. চলতি সম্পদ মজুদ | ১৭৭৮.৮৩ | ১৬১৭.১২ | ১৪৭০.১১ |
| ১৬. -দেনাদার | ১০৩০.৩৬ | ৯৩৬.৬৯ | ৮৫১.৫৪ |
| ১৭. -অন্যান্য | ৯২৭৮০.১৬ | ৮৪৩৪৫.৬০ | ৭৬৬৭৭.৮২ |
| ১৮. -মোট চলতি সম্পদ | ৯৫৫৮৯.৩৬ | ৮৬৮৯৯.৪২ | ৭৮৯৯৯.৪৭ |
| ১৯. -মোট সম্পদ | ৩৩০৩২৭.০২ | ২৪৯২৬৯.৪১ | ১৭১৬০৯.১৯ |
| **উৎপাদনশীলতার অনুপাত** | | | |
| ২০. মোট সম্পদের উৎপাদনশীলতা | ০.০৯ | ০.১১ | ০.১৬ |
| ২১. চলতি মূলধনের উৎপাদনশীলতা | ০.৬৯ | ০.৫৮ | ০.৪৬ |
| ২২. মজুদ মালের উৎপাদনশীলতা | ৪৮.৭১ | ৪৫.৩৩ | ৫১.৭৬ |
| ২৩. নীট কার্যকরী মূলধন | ৪১৮১৯.৪৪ | ৪৮৫৮৭.৯০ | ৫৮৬৮৬.৮৬ |
| ২৪. কার্যকরী মূলধনের পরিবর্তন | -৬৭৬৮.৪৬ | -১০০৯৮.৯৬ | ০ |

**মোংলা বন্দর কর্তৃপক্ষ**

**প্রতিষ্ঠানসমূহ**

**প্রাক্কলিত নগদান প্রবাহ ২০২০-২১** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|
| **নগদানের উৎস** | | | | |
| ১. প্রারম্ভিক নগদ | ২,৯০০.০০ | ২,৯৬৭.১৭ | ০.০০ | ৩,৬৩৩.১২ |
| ২. ব্যাংক স্থিতি | ০.০০ | ০.০০ | ১,২২৫.০০ | ০.০০ |
| ৩. ব্যাংক (ওভারড্রাফট) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪. মোট প্রারম্ভিক নগদান (লাইন ১+২+৩) | ২,৯০০.০০ | ২,৯৬৭.১৭ | ১,২২৫.০০ | ৩,৬৩৩.১২ |
| ৫. কর ও সুদপূর্ব নীট মুনাফা/(লোকসান) | ৮,৯৫৬.৭১ | ৯,১৮৬.৩১ | ৭,৪৫৭.৮০ | ১৩,৩০০.৬১ |
| **যোগ : নগদানের রূপান্তরের খাতসমূহ** | | | | |
| ৬. অবচয় | ৩,৩০০.০০ | ৩,২০০.০০ | ৩,১০০.০০ | ৩,২১৭.৪০ |
| ৭. এ্যামোরটাইজেশন ও অন্যান্য | ৭২০.০০ | ৭২০.০০ | ৭২০.০০ | ৭১৬.৪৫ |
| ৮. সম্পদ বিক্রয়ে লোকসান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯. মজুদ হ্রাস | ০.০০ | ৯৮.৪৯ | ০.০০ | ৫৫.৭৯ |
| ১০. দেনাদার হ্রাস | ৮.৩৫ | ০.০০ | ২০৭.০০ | ১,০৪৫.৮৯ |
| ১১. অন্যান্য চলতি সম্পদ হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. পাওনাদার বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. ঋণের সুদ বৃদ্ধি | ৫৫,৫২২.৫০ | ৫২,৮৫৫.০০ | ৩৭,০০০.০০ | ১৪,২৭২.৭৩ |
| ১৪. আয়কর বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. অন্যান্য চলতি দায় বৃদ্ধি | ২,২৪৪.৩০ | ৩,৭৭৭.১৪ | ৪,৫০৬.৯৩ | ২,০৮৩.৫২ |
| ১৬. অন্যান্য (বর্ণনা করুন) | ৩,৪৫০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৭. মোট (লাইন ৪+....+১৬) | ৭৭,১০১.৮৬ | ৭২,৮০৪.১১ | ৫৪,২১৬.৭৩ | ৩৮,৩২৫.৫১ |
| **বাদ : নগদানের রূপান্তরের খাতসমূহ** | | | | |
| ১৮. সম্পদ বিক্রয়ে মুনাফা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯. দেনাদার বৃদ্ধি | ০.০০ | ৩৮.৪৬ | ০.০০ | ০.০০ |
| ২০. মজুদ বৃদ্ধি | ৫০.০০ | ২৮.৩৮ | ৬৯.১০ | ৯৮.৪৯ |
| ২১. অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি | ১,৭৭৮.৬৬ | ৮২০.৪৯ | ২,৫৬৫.০০ | ৫,৮৫২.৫২ |
| ২২. পাওনাদার হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৩. অন্যান্য চলতি দায় হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৪. অন্যান্য (বর্ণনা করুন) | ০.০০ | ১২০.৯৮ | ৫৩০.৫৩ | ১৮,০১৬.১৮ |
| ২৫. মোট লাইন (১৮+....+২৪) | ১,৮২৮.৬৬ | ১,০০৮.৩১ | ৩,১৬৪.৬৩ | ২৩,৯৬৭.১৯ |
| ২৬. প্রত্যক্ষ পরিচালনা হতে নগদ প্রবাহ (১৭-২৫) | ৭৫,২৭৩.২০ | ৭১,৭৯৫.৮০ | ৫১,০৫২.১০ | ১৪,৩৫৮.৩২ |
| ২৭. মূলধন/ অনুদান প্রাপ্তি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৮. দীর্ঘমেয়াদি ঋণ প্রাপ্তি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৯. পরিচালনা স্থায়ী সম্পদ বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩০. অন্যান্য সম্পদ বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ৭৬.৫৯ |
| ৩১. অন্যান্য (বর্ণনা করুন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২. মোট নগদ তহবিল সংগ্রহ (লাইন ২৬+....+৩১) | ৭৫,২৭৩.২০ | ৭১,৭৯৫.৮০ | ৫১,০৫২.১০ | ১৪,৪৩৪.৯১ |

**মোংলা বন্দর কর্তৃপক্ষ**

**প্রতিষ্ঠানসমূহ**

**প্রাক্কলিত নগদান প্রবাহ ২০২০-২১** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|
| **নগদ তহবিলের প্রয়োগ** | | | | |
| ৩৩. দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৪. স্থাবর সম্পদে বিনিয়োগ | ১৪,৪২০.৭০ | ১৩,৬৬০.৮০ | ১২,৬০০.০০ | ৫,৭৬০.৫১ |
| ৩৫. অন্যান্য সম্পদে বিনিয়োগ | ৫৫,৫২২.৫০ | ৫২,৮৫৫.০০ | ৩৭,০০০.০০ | ২,৩২০.০৫ |
| ৩৬. সুদ পরিশোধ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৭. আয়কর প্রদান | ২,২০০.০০ | ২,২৫০.০০ | ১,৬৫০.০০ | ৩,২৯৫.১৫ |
| ৩৮. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ১৩০.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ১২০.০০ |
| ৩৯. পূর্ববর্তী বছরের সমন্বয় (+/-) | ০.০০ | ০.০০ | ০.০০ | -২৭.৯৭ |
| ৪০. অন্যান্য (বর্ণনা করুন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪১. মোট নগদানের প্রয়োগ (৩৩+.....+৪০) | ৭২,২৭৩.২০ | ৬৮,৮৯৫.৮০ | ৫১,৩৮০.০০ | ১১,৪৬৭.৭৪ |
| ৪২. সমাপনী নগদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৩. ব্যাংক স্থিতি | ৩,০০০.০০ | ২,৯০০.০০ | ১,০৫০.০০ | ২,৯৬৭.১৭ |
| ৪৪. ব্যাংক (ওভারড্রাফট) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৫. মোট সমাপনী নগদ (লইন ৪২+৪৩+৪৪) | ৩,০০০.০০ | ২,৯০০.০০ | ১,০৫০.০০ | ২,৯৬৭.১৭ |
| ৪৬. মোট (৪১+৪৫) | ৭৫,২৭৩.২০ | ৭১,৭৯৫.৮০ | ৫২,৪৩০.০০ | ১৪,৪৩৪.৯১ |
| ৪৭. নগদানের নীট বৃদ্ধি/ হ্রাস (লাইন ৪৫-৪) | ১০০.০০ | -৬৭.১৭ | -১৭৫.০০ | -৬৬৫.৯৫ |

## মোংলা বন্দর কর্তৃপক্ষ

### সরকারি কোষাগারে দেয় ২০২০-২১

(লাখ টাকায়)

| বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|
| ১. আমদানি শুল্ক | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ০.০০ |
| ২. আমদানির উপর বিক্রয় কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩. আমদানির অনুমতি ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪. বিক্রয়ের উপর আবগারি শুল্ক/ভ্যাট | ৭৫.০০ | ৭৫.০০ | ৭৫.০০ | ০.০০ |
| ৫. বিক্রয় কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. সরকারি ঋণের সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. আয়কর | ২,২০০.০০ | ২,২৫০.০০ | ১,৬৫০.০০ | ৩,২৯৫.১৫ |
| ৮. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ১৩০.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ১২০.০০ |
| ৯. রপ্তানি কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০. সড়ক নির্মাণ কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. লাইসেন্স ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. উনণয়ন ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪. মোট | ২,৪৩০.০০ | ২,৪৮০.০০ | ১,৮৮০.০০ | ৩,৪১৫.১৫ |

**মোংলা বন্দর কর্তৃপক্ষ**

প্রতিষ্ঠানসমূহ

কর্মীর বিবরণ

| কর্মীর শ্রেণি | কর্মীর সংখ্যা | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বাজেট ২০২০-২১ | | | সংশোধিত বাজেট ২০১৯-২০ | | | প্রকৃত ২০১৮-১৯ | | বাজেট ২০২০-২১ | | | |
| | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১. কর্মচারী (গ্রেড ১-৫) | ২৮ | ২৫ | ২৫ | ২৮ | ২৫ | ২৫ | ২৮ | ২৫ | ২৭৫.৫০ | ৫২৫.৫০ | ৮০১.০০ | ৩,২০৪,০০০ |
| ২. কর্মচারী (গ্রেড ৬-৯) | ১১৪ | ৯৫ | ৯৫ | ১১৪ | ৯০ | ৯০ | ১১৪ | ৯৫ | ৪০২.৬৩ | ১,১৮২.৫০ | ১,৫৮৫.১৩ | ১,৬৬৮,৫৫৮ |
| ৩. কর্মচারী (গ্রেড ১০) | ৭৯ | ৪৫ | ৪৫ | ৭৯ | ৩৫ | ৩৫ | ৭৯ | ২৫ | ৯৮.৮৩ | ৬৮৮.৬৩ | ৭৮৭.৪৬ | ১,৭৪৯,৯১১ |
| ৪. উপ-মোট (১+২+৩) | ২২১ | ১৬৫ | ১৬৫ | ২২১ | ১৫০ | ১৫০ | ২২১ | ১৪৫ | ৭৭৬.৯৬ | ২,৩৯৬.৬৩ | ৩,১৭৩.৫৯ | ১,৯২৩,৩৮৮ |
| ৫. কর্মচারী(গ্রেড ১১-২০) | ২,৫৭৬ | ১,৪৫০ | ১,৪৫০ | ২,৫৭৬ | ১,০০০ | ১,০০০ | ২,৫৭৬ | ৯১৪ | ২,৫৬৩.০৪ | ৮,৭৮৭.১২ | ১১,৩৫০.১৬ | ৭৮২,৭৭০ |
| ৬. দক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৭. আধা-দক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৮. অদক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৯. অনিয়মিত শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ১০. উপ-মোট (৫+...+৮) | ২,৫৭৬ | ১,৪৫০ | ১,৪৫০ | ২,৫৭৬ | ১,০০০ | ১,০০০ | ২,৫৭৬ | ৯১৪ | ২,৫৬৩.০৪ | ৮,৭৮৭.১২ | ১১,৩৫০.১৬ | ৭৮২,৭৭০ |
| ১১. মোট (৪+৯+১০) | ২,৭৯৭ | ১,৬১৫ | ১,৬১৫ | ২,৭৯৭ | ১,১৫০ | ১,১৫০ | ২,৭৯৭ | ১,০৫৯ | ৩,৩৪০.০০ | ১১,১৮৩.৭৫ | ১৪,৫২৩.৭৫ | ৮৯৯,৩০৩ |

**মোংলা বন্দর কর্তৃপক্ষ**

প্রতিষ্ঠানসমূহ

কর্মীর বিবরণ

| বেতন ও ভাতাদি (লাখ টাকায়) | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সংশোধিত বাজেট ২০১৯-২০ | | | | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | | | | প্রকৃত ২০১৮-১৯ | | | |
| মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| ৩০৩.৪৪ | ৭৬২.৬৫ | ১,০৬৬.০৯ | ৪২৬৪৩৬০ | ২৭৫.৫০ | ৫২৫.৫০ | ৮০১.০০ | ৩২০৪০০০ | ২৩৫.৬৩ | ৪১২.২৪ | ৬৪৭.৮৭ | ২৫৯১৪৮০ |
| ৪১৬.৮২ | ১,০৪৩.৫২ | ১,৪৬০.৩৪ | ১৬২২৬০০ | ৪১৪.০০ | ১,০৮০.০০ | ১,৪৯৪.০০ | ১৮৬৭৫০০ | ৪৭৬.৪০ | ৭১৩.৮৮ | ১,১৯০.২৮ | ১২৫২৯২৬ |
| ১৩৬.৫৬ | ৬০৯.১৮ | ৭৪৫.৭৪ | ২১৩০৬৮৬ | ৪৫.৫০ | ৩৫০.৫০ | ৩৯৬.০০ | ১৯৮০০০০ | ৬৩.৮২ | ২০৭.২২ | ২৭১.০৪ | ১০৮৪১৬০ |
| ৮৫৬.৮২ | ২,৪১৫.৩৫ | ৩,২৭২.১৭ | ২১৮১৪৪৭ | ৭৩৫.০০ | ১,৯৫৬.০০ | ২,৬৯১.০০ | ২১৫২৮০০ | ৭৭৫.৮৫ | ১,৩৩৩.৩৪ | ২,১০৯.১৯ | ১৪৫৪৬১৪ |
| ২,৪০৮.১৮ | ৭,৭৫২.৪৫ | ১০,১৬০.৬৩ | ১০১৬০৬৩ | ২,৩৫০.০০ | ৭,২৫০.৫০ | ৯,৬০০.৫০ | ৮৩৪৮২৬ | ১,৯৮৭.৪০ | ৬,৫৩৭.৭৩ | ৮,৫২৫.১৩ | ৯৩২৭২৮ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ২,৪০৮.১৮ | ৭,৭৫২.৪৫ | ১০,১৬০.৬৩ | ১০১৬০৬৩ | ২,৩৫০.০০ | ৭,২৫০.৫০ | ৯,৬০০.৫০ | ৮৩৪৮২৬ | ১,৯৮৭.৪০ | ৬,৫৩৭.৭৩ | ৮,৫২৫.১৩ | ৯৩২৭২৮ |
| ৩,২৬৫.০০ | ১০,১৬৭.৮০ | ১৩,৪৩২.৮০ | ১১৬৮০৭০ | ৩,০৮৫.০০ | ৯,২০৬.৫০ | ১২,২৯১.৫০ | ৯৬৪০৩৯ | ২,৭৬৩.২৫ | ৭,৮৭১.০৭ | ১০,৬৩৪.৩২ | ১০০৪১৮৫ |

**মোংলা বন্দর কর্তৃপক্ষ**

মোংলা ও রুজভেল্ট জেটি

তফসিল-ক, খ ও গ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | কোড | বিবরণ | | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|
| **জাহাজের উপর চার্জ হইতে আয় (তফসিল-ক)** | | | | | | | |
| ১. | | বার্দিং চার্জ | ... | ৩৫০.০০ | ৩০০.০০ | ৪০০.০০ | ২৯৮.৭৮ |
| ২. | | মুরিং চার্জ | ... | ১০০.০০ | ৮৪.০০ | ৬৫.০০ | ৭২.৬৩ |
| ৩. | | নিজস্ব নোংগর চার্জ | ... | ১৪৭৫.০০ | ১৪৭৫.০০ | ১৪৭৫.০০ | ১৪০৭.০২ |
| ৪. | | পাইলটেজ চার্জ | ... | ১২৩০.০০ | ১২০০.০০ | ১০২০.০০ | ১১৮২.০৩ |
| ৫. | | জাহাজের উপর বন্দর চার্জ | ... | ৩০২০.০০ | ৩০২০.০০ | ২৭৭৫.০০ | ৩১৫২.১৬ |
| ৬. | | স্থানান্তর ও ডিটেনশন চার্জ | ... | ২৭.০০ | ২১.০০ | ২০.০০ | ২০.৯২ |
| ৭. | | মিঠাপানি সরবরাহ | ... | ২৫০.০০ | ২৫০.০০ | ২৭৫.০০ | ২৪২.৭১ |
| ৮. | | টাগ/ক্রাফট ভাড়া | ... | ১২৯০.০০ | ১২০০.০০ | ১০৭৫.০০ | ১২৯৩.৫৮ |
| ৯. | | বিশেষ ছুটি/নৈশ চার্জ | ... | ৫৮.০০ | ৫০.০০ | ৪৫.০০ | ৫৪.৭০ |
| **মোট:** | | | **...** | **৭৮০০.০০** | **৭৬০০.০০** | **৭১৫০.০০** | **৭৭২৪.৫৩** |
| **পণ্যের উপর চার্জ হইতে আয় (তফসিল-খ)** | | | | | | | |
| ১. | | কার্গো/কনটেইনার হ্যান্ডেলিং | ... | ৪১১০.০০ | ৪০৩০.০০ | ৩৭২৫.০০ | ৩৮৮২.৭৩ |
| ২. | | ওয়ারফরেন্ট চার্জ | ... | ২৬০০.০০ | ২৫০০.০০ | ২৪০০.০০ | ২৩১৮.৪৭ |
| ৩. | | অবতরণ চার্জ/ল্যান্ডিং চার্জ | ... | ৯২০০.০০ | ৯০৫০.০০ | ৭১৫০.০০ | ৮৩২৬.৮৯ |
| ৪. | | শিপিং চার্জ | ... | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ৩.৯৭ |
| ৫. | | হোয়েষ্টিং চার্জ | ... | ৪০০.০০ | ৪১৫.০০ | ২৫০.০০ | ৩৯০.৪৪ |
| ৬. | | রিমুভাল চার্জ | ... | ১৩৫.০০ | ১৩০.০০ | ১১৫.০০ | ১২৮.৯৪ |
| ৭. | | ওয়েমেন্ট চার্জ | ... | ২০.০০ | ২০.০০ | ৬৫.০০ | ১৮.১০ |
| ৮. | | নদী শুল্ক | ... | ৪২০০.০০ | ৪০১০.০০ | ৩৩২৫.০০ | ৩৭৫২.২৪ |
| ৯. | | অন্যান্য চার্জ (টার্মিনাল) | ... | ২৫.০০ | ২৫.০০ | ১২.০০ | ২৭.০১ |
| **মোট:** | | | **...** | **২০৭১০.০০** | **২০২০০.০০** | **১৭০৬২.০০** | **১৮৮৪৮.৭৯** |

## মোংলা বন্দর কর্তৃপক্ষ

| ক্রমিক নং | কোড | বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|
| **অন্যান্য অপারেটিং রাজস্ব (তফসিল-গ)** | | | | | | |
| ১. | | ক্রেন/যান্ত্রিক সরঞ্জাম ভাড়া ... | ৩৫০.০০ | ৩০০.০০ | ৯০.০০ | ২১১.৩৫ |
| ২. | | অভ্যন্তরীণ নৌ লাইসেন্স ফি ... | ১০০.০০ | ১০০.০০ | ১৩০.০০ | ৮৯.৮২ |
| ৩. | | ট্রাক প্রবেশ ফি ... | ৩০.০০ | ৩০.০০ | ২৫.০০ | ৩০.২৪ |
| **মোট:** | | **...** | **৪৮০.০০** | **৪৩০.০০** | **২৪৫.০০** | **৩৩১.৪১** |
| মোট পরিচালন রাজস্ব মংলা ও রুজভেল্ট: | | ... | ২৮৯৯০.০০ | ২৮২৩০.০০ | ২৪৪৫৭.০০ | ২৬৯০৪.৭৩ |

**মোংলা বন্দর কর্তৃপক্ষ**

মোংলা, বাগেরহাট

রাজস্ব খাতে ব্যয়

তফসিল-ঘ, ঙ ও চ

| ক্রমিক নং | কোড | বিবরণ | বাজেট ২০২০-২১ | সংশোধিত বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ | প্রকৃত ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|
| **স্থায়ী পরিচালন ব্যায় (মংলা ও রুজভেল্ট জেটি ) (তফসিল-ঘ)** | | | | | | |
| ১. | ৩১১১১০১ | কর্মচারীদের বেতন (গ্রেড ১ - ১১ ) ... | ৫৯২.৫০ | ৫৭৩.৭৫ | ৫৫১.০০ | ৪৯৮.৩০ |
| ২. | ৩১১১২০১ | কর্মচারীদের বেতন (গ্রেড ১২ - ২০ ) ... | ১৯১২.৫০ | ১৮৭৫.০০ | ১৭৬২.০০ | ১৫৭৪.১৪ |
| ৩. | ৩১১১৩১০ | বাড়ি ভাড়া ভাতা ... | ১০১২.৫০ | ১০০৫.০০ | ১০৫০.০০ | ৮৩৮.৬৭ |
| ৪. | ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা ... | ১৭৬.২৫ | ১৬৮.৭৫ | ২০৬.০০ | ১৫০.২৩ |
| ৫. | ৩১১১৩০২ | যাতায়াত ভাতা ... | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | ১.২৫ |
| ৬. | | বন্দর ভাতা ... | ১৫০.০০ | ১৪৬.২৫ | ১২৭.০০ | ১২৪.৭১ |
